**বেসিক ব্যাংক লিমিটেড**

ট্রেজারি এবং ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন

প্রধান কার্যালয়, ঢাকা

সূত্র নং-৫৩.০৯.০০০০.৮৩১.১৮.০০৬.২৩.৫৬৫১ তারিখঃ ০৬.০৭.২০২৩

**প্রতিঃ সকল শাখা ও উপশাখা প্রধান/সার্কেল ও বিভাগীয় প্রধান।**

**বিষয়ঃ ঋণ ও অগ্রিমের সংশোধিত সুদ হার নির্ধারণ।**

ব্যাংকের প্রধান কার্যালয়ের ২৬ জুন ২০২৩ তারিখের সার্কুলার # বেসিক/প্রকা/টিসিএমএসডি/২০২৩/৫৫১৯-এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করছি। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে ব্যাংকের উল্লেখিত ঋণ ও অগ্রীমের সুদের হার পুনঃনির্ধারন-বিষয়ক সার্কুলারে নিম্নোক্ত সংশোধনী আনা হয়েছে যা অবিলম্বে কার্যকর হবে।

**ক. বিদ্যমান, মঞ্জুরীকৃত ও মঞ্জুরীতব্য সকল প্রকার ঋণ ও অগ্রিমের পুনঃনির্ধারিত সুদ হারঃ**

| ক্রমিক নং | খাতসমূহ | বার্ষিক সুদের হার |
|---|---|---|
| ১. | কৃষি ও পল্লী ঋণ | ৯.১০% |
| ২. | ব্যাংকের নিজস্ব স্থায়ী আমানতের বিপরীতে ঋণ | FDR-এর বিপরীতে প্রদেয় সুদ হার + ২% মার্জিন |
| ৩. | অন্যান্য ব্যাংকের স্থায়ী আমানতের বিপ্রীতে ঋণ | FDR-এর বিপরীতে সংশ্লিষ্ট ব্যাংকের প্রদেয় সুদ হার + ৩% মার্জিন |
| ৪. | ব্যাংকের নিজস্ব বিভিন্ন আমানতের বিপরীতে ঋণ | স্কীমে উল্লেখিত শর্তসমুহ প্রযোজ্য |
| ৫. | Packing Credit (PC) ও ECC(Export Cash Credit(ECC) | ১০.১০% |
| ৬. | উল্লিখিত খাতসমূহ এবং উপরে বর্ণিত ২৬.০৬.২০২৩ তারিখের সার্কুলারে বর্ণিত ব্যতিক্রমসমূহ ব্যতিত অন্যান্য সকল ঋণসমূহ | ১০.১০% |

উল্লেখ্য যে, BRPD Circular no.05 dtd.16.05.2019 "ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা"-এর অধীনে পুনঃতফসিলকৃত ঋণসমূহের সুদ হার হবে ১০.১০%।

বর্ণিত ২৬.০৬.২০২৩ তারিখের সার্কুলারের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। অত্র পুনঃনির্ধারিত সুদের হার সময় সময় পরিবর্তন যোগ্য।

সুদের হার সম্পর্কিত কোন ব্যাখ্যার প্রয়োজন হলে নিম্ন স্বাক্ষরকারিগণের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

মোঃ মাহমুদ হাসান
**উপ মহাব্যবস্থাপক**

মোঃ ইছমাইল
**মহাব্যবস্থাপক**

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

২.একান্ত সচিব, সকল উপ ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

৩. সকল মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

৪. বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ-ব্যাংকের ওয়েব-সাইটে প্রদর্শনের ব্যবস্থাসহ পরিবর্তিত সুদহার কার্যকরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের/শাখাকে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের, অনুরোধ সহ।